

Sh. A. A. A.

ইতিফাক

04

তারিখ 01.APR.1986 ... ..

পৃষ্ঠা... .. কলাম... 5... ..

## শিক্ষকদের প্রতি ৫ই এপ্রিলের মধ্যে কাজে যোগদানের নির্দেশ

সরকার দেশের বেসরকারী  
মাধ্যমিক স্কুলসমূহের ম্যানেজিং  
কমিটিকে নির্দেশ দিয়াছেন যে,  
শ্রমঘটকত মাধ্যমিক শিক্ষকগণ  
আগামী ৫ই এপ্রিলের মধ্যে স্ব স্ব  
স্কুলে কাজে যোগদান না করিলে  
নিয়োজিত ব্যবস্থাসমূহ গৃহীত  
হইবে :

বেসরকারী শিক্ষকদের জন্ম  
বেতন ভাতা বাবদ সরকারী  
অনুদান আবর্তক এবং আনাবর্তক  
উভয় প্রকার মঞ্জুরী এবং উন্নয়ন  
কাজের জন্ম অর্থ প্রদান বন্ধ  
থাকিবে; (খ) শিক্ষা বোর্ড পদস্থ  
শ্রীকৃতিও (রিকগনিশন) পুনর্বিবে-  
চনা করা হইবে; (গ) এছাড়া,  
যেসব শিক্ষক উল্লিখিত তারিখের  
মধ্যে কাজে যোগদান করিবেন  
না, বেসরকারী মাধ্যমিক স্কুল  
(১২শ পৃ: ৮-এর ক: ৫।)

## কাজে যোগদানের নির্দেশ

(১ম পৃ: পর)

শিক্ষক চাকুরী বিধি-১৯৭৯-এর  
১১, ১২ এবং ১৩ ধারা অনু-  
যায়ী স্কুল ম্যানেজিং কমিটি  
তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করি-  
বেন এবং (ঘ) চলতি এস এস-সি  
পরীক্ষার সময় যেসব শিক্ষক  
পরীক্ষা অনুষ্ঠান/পরিচালনার  
বাধা সৃষ্টি করিয়াছেন তাদের  
বিরুদ্ধে পাবলিক একজামিনেশন  
অফেল অ্যাক্ট-১৯৮০-এর সংশ্লিষ্ট  
ধারা অনুযায়ী স্থানীয় ম্যাজিস্ট্রেট-  
দের কোর্টে ফৌজদারী মামলা  
দায়ের করা হইবে। —তথ্য  
বিবরণী।